

দেউলিয়াতের আবেদন করেছে স্পিরিট এয়ারলাইনস

- A Monitor Desk Report

Date: 20 November, 2024



ফ্লোরিডা, ইউ এস এ : আর্থিক ক্ষতি এড়াতে এবং একীভূতকরণের চেষ্টা ব্যর্থ হওয়ার পর দেউলিয়াতের আবেদন করেছে মার্কিন বাজেট ক্যারিয়ার স্পিরিট এয়ারলাইনস।

এর মাধ্যমে এক যুগের বেশি সময় পর দেউলিয়াতের আবেদন করল কোনো মার্কিন উড়োজাহাজ সংস্থা। এর আগে ২০১১ সালে আমেরিকান এয়ারলাইনস এ ধরনের ব্যবস্থা নেয়।

স্পিরিট জানিয়েছে, এ প্রক্রিয়া চলাকালে স্বাভাবিক যাত্রী পরিষেবা অব্যাহত থাকবে। সশ্রয়ী এয়ারলাইনসের প্রবল চাহিদা থাকা সত্ত্বেও সংস্থাটি বছরের প্রথমার্ধে (জানুয়ারি-জুন) ৩৬ কোটি ডলার লোকসান দিয়েছে। এ সময় প্রতিযোগিতা বাড়ার পাশাপাশি যান্ত্রিক সমস্যার কারণে স্পিরিট কিছু উড়োজাহাজকে হ্যাঞ্জারে রাখতে বাধ্য হয়েছে, যা পরিচালন খরচ বাড়িয়ে দিয়েছিল।

-B